দ্বিতীয় অধ্যায়
দেশজ উৎপাদ, সঞ্চয় ও বিনিয়োগ

ভয়াবহ বন্যায় ফসলের ব্যাপক ক্ষয়ক্ষতি সত্ত্বেও শিল্প ও সেবা খাতে উৎপাদন বৃদ্ধির কারণে ২০০৪-০৫ অর্থবছরে সার্বিক প্রকৃত জিডিপি'র প্রবৃদ্ধির হার ৫.৩৮ শতাংশ হবে বলে সাময়িক প্রাক্কলন করা হয়েছে। মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামোর প্রক্ষেপণ অনুযায়ী ২০০৫-০৬ ও ২০০৬-০৭ অর্থবছরে প্রকৃত জিডিপি'র প্রবৃদ্ধির হার যথাক্রমে ৬.০ শতাংশে ও ৬.৫ শতাংশে উন্নীত হবে। জিডিপি'র উচ্চতর প্রবৃদ্ধি অর্জন দেশে বিনিয়োগ প্রবাহের উপর বহুলাংশে নির্ভরশীল। একারণে মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামোতে ২০০৫-০৬ ও ২০০৬-০৭ অর্থবছরের জন্য প্রক্ষেপিত জিডিপি প্রবৃদ্ধি অর্জন করতে হলে জিডিপির শতকরা হারে ২৬.৫ শতাংশ ও ২৭.৫ শতাংশ বিনিয়োগ প্রয়োজন হবে।

কৃষি, শিল্প ও সেবা খাতে ব্যাপক উৎপাদন বৃদ্ধির কারণে ২০০৩-০৪ অর্থবছরে চূড়ান্ত হিসেবে স্থির মূল্যে জিডিপির প্রবৃদ্ধির হার দাঁড়ায় ৬.২৭ শতাংশ এবং জাতীয় সঞ্চয় ও বিনিয়োগের হার দাঁড়ায় যথাক্রমে জিডিপি'র ২৫.৪৪ শতাংশ ও ২৪.০২ শতাংশ। রাজনৈতিক অস্থিরতাসহ নানাবিধ প্রতিকূলতা সত্ত্বেও প্রবৃদ্ধি অর্জনের এই উচ্চতর হার অর্থনীতির মৌল ভিত্তিসমূহের দৃঢ়তার পরিচয় বহন করে। ২০০৪ সনে ব্যাপক বন্যার কারণে কৃষি খাতে ব্যাপক ক্ষয়ক্ষতি সত্ত্বেও শিল্প ও সেবা খাতে উৎপাদন বৃদ্ধি পাওয়ায় ২০০৪-০৫ অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধির হার ৫.৩৮ শতাংশে দাঁড়াবে বলে প্রাক্কলন করা হয়েছে।

লেখচিত্র ২.১: স্থির মূল্যে জিডিপি প্রবৃদ্ধির হার ও মাথাপিছু জিডিপি প্রবৃদ্ধির হার



সারণি ২.১-এ ১৯৯৯-০০ থেকে ২০০৪-০৫ অর্থবছর পর্যন্ত চলতি বাজার মূল্যে মোট ও মাথাপিছু জিডিপি, স্থূল জাতীয় আয় (জিএনআই) টাকায় ও মার্কিন ডলারে দেখানো হয়েছে।

সারণি ২.১ঃ চলতি বাজার মূল্যে জিডিপি, জিএনআই, মাথাপিছু জিডিপি ও মাথাপিছু জিএনআই

বিষয়	১৯৯৯-০০	২০০০-০১	২০০১-০২	২০০২-০৩	২০০৩-০৪	২০০৪-০৫ (সাময়িক)
জিডিপি (কোটি টাকায়)	২৩৭০৮৬	২৫৩৫৪৬	২৭৩২০১	৩০০৫৮০	৩৩২৯৭৩	৩৬৮৪৭৬
জিএনআই (কোটি টাকায়)	২৪৫৭৯৯	২৬২৩৮৮	২৮৫৭৪৩	৩১৭১৬৩	৩৫০৫২৬	৩৮৯৪৬৬
জনসংখ্যা (কোটিতে)	১২.৮১	১২.৯৯	১৩.১৬	১৩.৩৪	১৩.৫২	১৩.৭০
মাথাপিছু জিডিপি (টাকায়)	১৮৫১	১৯৫২৫	২০৭৫৪	২২৫৩০	২৪৬২৮	২৬৮৯৮
মাথাপিছু জিএনআই (টাকায়)	১৯১৯২	২০২০৬	২১৭০৭	২৩৭৭৩	২৫৯২৬	২৮৪৩০
মাথাপিছু জিডিপি (মার্কিন ডলারে)	৩৬৮	৩৬২	৩৬১	৩৮৯	৪১৮	৪৪৫
মাথাপিছু জিএনআই (মার্কিন ডলারে)	৩৮১	৩৭৪	৩৭৮	৪১১	৪৪০	৪৭০

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
টীকাঃ আদমশুমারি,২০০১ অনুযায়ী নির্ণীত জনসংখ্যার ভিত্তিতে পূর্ববর্তী বছরসমূহের প্রক্ষেপিত জনসংখ্যা সমন্বয় করা হয়েছে।

উপরের সারণি থেকে স্পষ্ট যে দেশে মাথাপিছু জিডিপি ও জাতীয় আয়ের অব্যাহত বৃদ্ধির প্রবনতা (secularly increasing trend) পরিলক্ষিত হচ্ছে। চলতি (২০০৪-০৫) অর্থবছরে চলতি বাজার মূল্যে মাথাপিছু জাতীয় আয় প্রাক্কলন করা হয়েছে ২৮৪৩০ টাকা যা গত অর্থবছরের মাথাপিছু জাতীয় আয় হতে ৯.৬৬ শতাংশ বেশি। মাথাপিছু জিডিপিও এ

সময়ে বৃদ্ধি পেয়েছে ৯.২২ শতাংশ। মার্কিন ডলারের হিসেবে চলতি অর্থবছরে মাথাপিছু জাতীয় আয় ও মাথাপিছু জিডিপি যথাক্রমে ৪৭০ মার্কিন ডলার ও ৪৪৫ মার্কিন ডলার ।

দেশজ উৎপাদঃ প্রবৃদ্ধি ও গঠন

১৯৯৯-০০ থেকে ২০০৪-০৫ অর্থবছর পর্যন্ত চলতি বাজার মূল্যে স্থূল দেশজ উৎপাদ সারণি ২.২-এ প্রদর্শিত হয়েছে। সাময়িক হিসাব অনুযায়ী চলতি বাজার মূল্যে ২০০৪-০৫ অর্থবছরে প্রক্ষেপিত জিডিপি দাঁড়াবে প্রায় ৩৬৮৪৭৬ কোটি টাকা (প্রায় ৬১ বিলিয়ন মার্কিন ডলার) । ২০০২-০৩ ও ২০০৩-০৪ অর্থবছরে চলতি বাজার মূল্যে জিডিপি ছিল যথাক্রমে ৩০০৫৮০ কোটি টাকা ও প্রায় ৩৩২৯৭৩ কোটি। চলতি বাজার মূল্যে ২০০৪-০৫ অর্থবছরে জিডিপির প্রবৃদ্ধির হার দাঁড়াবে প্রায় ১০.৬৬ শতাংশ যা ২০০২-০৩ ও ২০০৩-০৪ অর্থবছরে ছিল যথাক্রমে ১০.০২ শতাংশ ও ১০.৭৮ শতাংশ। এ অর্থবছরে মাথাপিছু জিডিপি দাঁড়াবে প্রায় ২৬৮৯৮ টাকা (প্রায় ৪৪৫ মার্কিন ডলার) যা গত অর্থবছরে ছিল ২৪৬২৮ টাকা (প্রায় ৪১৮ মার্কিন ডলার)। চলতি বাজার মূল্যে ২০০৪-০৫ অর্থবছরে মাথাপিছু জিডিপির প্রবৃদ্ধির হার (টাকায়) দাঁড়াবে ৯.২২ শতাংশ যা পূর্ববতী অর্থবছরে ছিল ৯.৩১ শতাংশ।

সারণি ২.২ঃ চলতি বাজার মূল্যে স্থূল দেশজ উৎপাদ (জিডিপি)

(কোটি টাকায়)

খাত/উপখাত	১৯৯৯-০০	২০০০-০১	২০০১-০২	২০০২-০৩	২০০৩-০৪	২০০৪-০৫ (সাময়িক)
১। কৃষি ও বনজ	৪৪৬৯২	৪৫৬৩১	৪৬০০৩	৪৮৭৯৮	৫২৪১৯	৫৫৩৯৪
ক) শস্য ও শাকসজি	৩৩৪১৮	৩৪০৬৮	৩৩৮৯৬	৩৬০২৪	৩৮৮৮৩	৪০৮১৫
খ) পশু সম্পদ	৬৮৫৮	৬৮৯৩	৭১১৮	৭৪৭৪	৭৯১৬	৮৬১৫
গ) বনজ সম্পদ	৪৪১৭	৪৬৭৪	৪৯৮৯	৫৩০০	৫৬২০	৫৯৬৩
২। মৎস্য সম্পদ	১৩৬৭৪	১৩৪০৬	১৩৮৯৭	১৪২৫৯	১৪৭৮৩	১৫৪৮৪
৩। খনিজ ও খনন	২৩১১	২৬৪০	২৯৯৭	৩৩০৯	৩৬৪৩	৪০৪২
ক) প্রাকৃতিক গ্যাস ও অপরিশোধিত	১২৭৭	১৫০২	১৭৩৩	১৯০০	২০৮৫	২২৯৫
তৈল	১০৩৪	১১৩৮	১২৬৪	১৪০৯	১৫৫৮	১৭৪৬
খ) অন্যান্য খনিজ সম্পদ ও খনন						
৪। শিল্প (ম্যানুঃ)	৩৪৮৩৭	৩৮২৩৪	৪১৮০৫	৪৫৮১৩	৫১৫২৭	৫৮৮৪৯
ক) বৃহৎ ও মাঝারী শিল্প	২৪৯৩৯	২৭৩৪০	২৯৫৯	৩২৩৭৭	৩৬৩৬৪	৪১৬১৫
খ) ক্ষুদ্রায়তন শিল্প	৯৮৯৮	১০৮৯৪	১২২০৯	১৩৪৩৫	১৫১৬৩	১৭২৩৪
৫। বিদ্যুৎ, গ্যাস, ও পানি সম্পদ	৩০৭২	৩৩৪৬	৩৬৪০	৩৯৮৯	৪৪২৪	৪৯১১
ক) বিদ্যুৎ	২৫৭৯	২৮০৪	৩০৫৩	৩৩১৮	৩৬৮৩	৪০৯০
খ) গ্যাস	৩৪৩	৩৭৫	৩৯৯	৪৩৮	৪৮০	৫৩২
গ) পানি	১৫০	১৬৭	১৮৮	২৩৩	২৬১	২৮৯
৬। নির্মাণ	১৭৬২২	১৯৩৩৪	২১১৫৯	২৩০১৬	২৫৩৯৭	২৯০৪০
৭। পাইকারি ও খুচরা বিপণন	২৯২০৪	৩২৪৭৯	৩৫৩১২	৩৯১০৩	৪৪১০৩	৫০০৮৪
৮। হোটেল ও রেঁস্তোরা	১৪৬৩	১৫৯০	১৭৪০	১৯৪৪	২২০২	২৫০২
৯। পরিবহন, সংরক্ষণ ও যোগাযোগ	১৯৭৪৩	২২১২৯	২৫৫২৪	৩১১১২	৩৪৪৪৪	৩৮১০৩
ক) স্থল পথ পরিবহন	১৪৪৬৩	১৬০৯৯	১৮৮৬৯	২৪০৯৬	২৬৮৬০	২৯৩৫৯
খ) পানি পথ পরিবহন	২৪৯০	২৬১৬	২৭২৫	২৭৯২	২৮৮৬	২৯৯৬
গ) আকাশ পথ পরিবহন	৩৭৩	৩৯৩	৪১৩	৪২০	৪৩৮	৪৫৯
ঘ) সহযোগী পরিবহন সেবা ও সংরক্ষণ	৭৭২	৯৩৪	৯৯২	১০৩৬	১০৭০	১১১৮
ঙ) ডাক ও তার যোগাযোগ	১৬৪৫	২০৮৮	২৫২৫	২৭৬৮	৩১৯০	৪১৭১
১০। আর্থিক প্রতিষ্ঠানিক সেবা	৩৬৪৮	৩৯১১	৪২০৭	৪৭১৮	৫১৯৭	৫৮২৬
ক) ব্যাংক	২৮২৮	২৯৮৮	৩১৭৯	৩৫৪০	৩৮৮৯	৪৩৭৬
খ) বীমা	৬৬০	৭৬০	৮০৬১	৯৯৯	১১১১	১২২৭
গ) অন্যান্য	১৬০	১৬২	১৬৭	১৮০	১৯৮	২২৩
১১। রিয়েল এস্টেট, ভাড়া ও অন্যান্য ব্যবসা	২১১৩৯	২২৩৬৫	২৩৯৯৫	২৫৬৭৮	২৭৬০১	২৯৭৪০
১২। লোক প্রশাসন ও প্রতিরক্ষা	৬২৩৪	৬৬৯৫	৭১১৭	৭৭৮৩	৮৬২৪	৯৮৫৫
১৩। শিক্ষা	৪৩৮৬	৫৮৫২	৬৩৫২	৭০৬৪	৭৮৭৩	৮৯৩৬
১৪। স্বাস্থ্য ও সামাজিক সেবা	৪৩৭৬	৫৭২২	৬০৭৯	৬৬০১	৭১৯৭	৭৯৫৪
১৫। কমিউনিটি, সামাজিক ও ব্যক্তিগত সেবা	২০৩৬০	২১৬৬৫	২৩৬৯৮	২৬৬৮৫	৩০০২৮	৩৩৯৪৪
আমদানি শুল্ক	৮৩২৫	৮৫৪৭	৯৬৭৬	১০৭০৭	১৩৫১০	১৩৮১২
চলতি বাজার মূল্যে জিডিপি	২৩৭০৮৬	২৫৩৫৪৬	২৭৩২০১	৩০০৫৮০	৩৩২৯৭৩	৩৬৮৪৭৬
চলতি বাজার মূল্যে প্রবৃদ্ধি হার	৭.৯১	৬.৯৪	৭.৭৫	১০.০২	১০.৭৮	১০.৬৬

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

স্থিরমূল্যে (১৯৯৫-৯৬ অর্থবছরের ভিত্তিতে) জিডিপিতে খাতওয়ারি প্রবৃদ্ধির হার সারণি ২.৩-এ পরিবেশিত হয়েছে। স্থিরমূল্যে (১৯৯৫-৯৬ অর্থবছরের ভিত্তিতে) ২০০৪-০৫ অর্থবছরে জিডিপির প্রবৃদ্ধির হার দাঁড়াবে ৫.৩৮ শতাংশ যা ২০০৩-০৪ অর্থবছরে ছিল ৬.২৭ শতাংশ। ২০০৪-০৫ অর্থবছরে কৃষিখাতের প্রবৃদ্ধি -০.৭৩ শতাংশ প্রক্ষেপণ করা হয়েছে। পূর্ববর্তী ২০০৩-০৪ অর্থবছরে এ প্রবৃদ্ধির হার ছিল ৪.৩৮ শতাংশ। ২০০৪-০৫ অর্থবছরে শস্যখাতে প্রবৃদ্ধির হার -৩.৩০ শতাংশ হবে বলে প্রক্ষেপণ করা হয়েছে। চলতি অর্থবছরে কৃষিখাতের গুরুত্বপূর্ণ শস্য ও শাকসব্জি উপখাতে প্রাক্কলিত প্রবৃদ্ধির হার ঋণাত্মক হওয়ায় পশুসম্পদ উপখাত ও বনজ সম্পদ উপখাতে প্রবৃদ্ধির হার বৃদ্ধি পাওয়া সত্ত্বেও সার্বিক কৃষি খাতের প্রবৃদ্ধি ঋণাত্মক হবে বলে সাময়িক প্রাক্কলনে অনুমিত হচ্ছে।

সারণি ২.৩ঃ ১৯৯৫-৯৬ সালের ভিত্তি মূল্যে জিডিপির খাতওয়ারি প্রবৃদ্ধির হার

খাত/উপখাত	১৯৯৯-০০	২০০০-০১	২০০১-০২	২০০২-০৩	২০০৩-০৪	২০০৪-০৫ (সাময়িক)
১। কৃষি ও বনজ	৬.৯২	৫.৫৩	-০.৬২	৩.২৯	৪.৩৮	-০.৭৩
ক) শস্য ও শাকসব্জি	৮.১০	৬.১৮	-২.৩৯	২.৮৮	৪.২৭	-৩.৩০
খ) পশু সম্পদ	২.৭৪	২.৮১	৪.৭০	৪.৫১	৪.৯৮	৭.৮২
গ) বনজ সম্পদ	৪.৯৪	৪.৮৫	৪.৯১	৪.৪৩	৪.১৮	৪.২৫
২। মৎস্য সম্পদ	৮.৮৭	-৪.৫৩	২.২২	২.৩৩	৩.০৯	৪.০২
৩। খনিজ ও খনন	৯.৪৮	৯.৭৫	৪.৫৩	৭.১৭	৭.৬৬	৮.৪০
ক) প্রাকৃতিক গ্যাস ও অপরিশোধিত তৈল	১৪.৫৫	১৩.৯৯	৪.৯৩	৮.৯১	৮.৯৮	৯.০৪
খ) অন্যান্য খনিজ সম্পদ ও খনন	৩.৪৭	৪.১৯	৩.৯৬	৪.৬৬	৫.৬৮	৭.৪০
৪। শিল্প (ম্যানুঃ)	৪.৭৬	৬.৬৮	৫.৪৮	৬.৭৫	৭.১০	৮.৪৩
(ক) বৃহৎ ও মাঝারি শিল্প	৪.৩৫	৬.৫৫	৪.৬০	৬.৫৬	৬.৯৫	৮.৬৫
(খ) ক্ষুদ্রায়তন শিল্প	৫.৮০	৭.০২	৭.৬৯	৭.২১	৭.৪৫	৭.৯১
৫। বিদ্যুৎ, গ্যাস, ও পানি সম্পদ	৬.৭৮	৭.৪০	৭.৬৩	৮.০২	৯.০৯	৯.০৮
ক) বিদ্যুৎ	৬.৮৭	৭.৬০	৭.৭৮	৭.২৯	৯.১৯	৯.২২
খ) গ্যাস	৫.৬১	৬.০৫	৬.৫৩	৮.৭৭	৮.৮১	৮.৯৬
গ) পানি	৮.০৬	৭.০৫	৭.৫২	২০.০১	৮.০০	৬.৯৮
৬। নির্মাণ	৮.৪৮	৮.৬৫	৮.৬১	৮.০৯	৮.২৫	৮.৬৯
৭। পাইকারি ও খুচরা বিপণন	৭.৩০	৬.৪৩	৬.৫৯	৬.০৯	৬.৫৭	৬.৮৮
৮। হোটেল ও রেঁস্তোরা	৬.৯৪	৭.০০	৬.৯২	৭.০০	৭.০৫	৭.২৯
৯। পরিবহন, সংরক্ষণ ও যোগাযোগ	৬.০৮	৭.৯২	৬.৫৬	৬.৮৫	৬.২১	৮.০৯
ক) স্থল পথ পরিবহন	৬.৩২	৬.৩৭	৬.৭৩	৬.৬৪	৬.০২	৫.১১
খ) পানি পথ পরিবহন	১.৭৮	০.৫৭	০.৩৪	০.০৭	০.১৬	১.৬৬
গ) আকাশ পথ পরিবহন	১৬.৮০	৪.৬২	-১৬.৮৪	-১.৩৫	০.৮৪	২.৫৪
ঘ) সহযোগী পরিবহন সেবা ও সংরক্ষণ	১৩.১৫	১৮.১০	-৪.৬২	-১.১৭	-১.৩৫	০.৪১
ঙ) ডাক ও তার যোগাযোগ	৫.৫৭	২৬.৯২	২০.৯৫	১৭.৮৯	১৪.৫৬	২৯.৪৮
১০। আর্থিক প্রতিষ্ঠানিক সেবা	৫.৫০	৫.৫৪	৬.৭০	৬.৬৭	৭.০২	৮.৯৫
ক) ব্যাংক	৩.৮৭	৪.০১	৫.৫২	৫.৯১	৬.৭৩	৯.২৯
খ) বীমা	১৩.৫৯	১৩.৪৬	১২.৩৫	১০.২৯	৮.০৬	৭.৫৬
গ) অন্যান্য	৫.৫৪	-০.০৩	২.০৫	২.৩২	৬.৯১	১০.০৩
১১। রিয়েল এষ্টেট, ভাড়া ও অন্যান্য ব্যবসা	৩.৮৩	৩.৪১	৩.৪২	৩.৫২	৩.৫৮	৩.৬৪
১২। লোক প্রশাসন ও প্রতিরক্ষা	৫.৯৭	৫.৮৮	৫.৯২	৫.২৪	৭.০৬	১১.১৫
১৩। শিক্ষা	৭.৭৪	৭.১১	৭.৫৮	৭.৬০	৭.৬৯	৮.৪২
১৪। স্বাস্থ্য ও সামাজিক সেবা	৪.৮০	৪.৯২	৫.৩০	৫.৬৩	৬.১৭	৬.৮৮
১৫। কমিউনিটি, সামাজিক ও ব্যক্তিগত সেবা	৩.০৬	৩.১৫	৩.২৪	৩.৩২	৩.৯৭	৪.৭৯
আমদানি শুল্ক	১.৫৫	১.৮৫	৫.৮৪	৩.৩১	১৮.১৭	-২.৪০
স্থির মূল্যে জিডিপি'র প্রবৃদ্ধির হার (%)	৫.৯৪	৫.২৭	৪.৪২	৫.২৬	৬.২৭	৫.৩৮

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

মৎস্য খাতে প্রবৃদ্ধির হার ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে এবং চলতি অর্থবছরে এই খাতে প্রবৃদ্ধির হার ৪.০২ শতাংশে দাঁড়াবে বলে অনুমিত হচ্ছে যা ২০০৩-০৪ অর্থবছরে ছিল ৩.০৯ শতাংশ। বিনিয়োগ-বান্ধব পরিবেশ উন্নয়নের জন্য বর্তমান সরকার গৃহীত যথাযথ পদক্ষেপ শিল্প ও সেবা খাতের প্রবৃদ্ধির হার বাড়াতে সক্ষম হয়েছে। ২০০৪-০৫ অর্থবছরে বৃহৎ খাতভিত্তিক (broad sector-based) শিল্প ও সেবা খাতে প্রবৃদ্ধি অর্জিত হয়েছে যথাক্রমে ৮.৫৫ শতাংশ ও ৬.৬৩ শতাংশ। ২০০৪-০৫ অর্থবছরে ম্যানুফ্যাকচারিং শিল্পখাতের প্রবৃদ্ধির হার ৮.৪৩ শতাংশ প্রাক্কলন করা হয়েছে। এর মধ্যে বৃহদায়তন ও ক্ষুদ্রায়তন উপখাতের প্রবৃদ্ধির হার যথাক্রমে ৮.৬৫ শতাংশ ও ৭.৯১ শতাংশ দাঁড়াবে বলে অনুমিত হচ্ছে যা ২০০৩-০৪ অর্থবছরে ছিল যথাক্রমে ৬.৯৫ শতাংশ ও ৭.৪৫ শতাংশ। বিগত কয়েক বছরের ন্যায় চলতি অর্থবছরেও অবদান বৃদ্ধির পাশাপাশি সর্বোচ্চ প্রবৃদ্ধি (২৯.৪৮ শতাংশ) অর্জিত হয়েছে ডাক ও টেলিযোগাযোগ খাতে। এ ছাড়া ১৯৯৩-৯৪ থেকে ২০০৪-০৫ অর্থবছর পর্যন্ত স্থিরমূল্যে জিডিপি'র খাতওয়ারি প্রবৃদ্ধির হার পরিশিষ্ট-৪-এ সন্নিবেশিত করা হয়েছে।

সারণি ২.৪-এ জিডিপিতে খাতওয়ারি অবদানের হার পরিবেশিত হয়েছে। কৃষি থেকে অকৃষিখাতে খাতওয়ারি অবদানের কাঠামোগত বিবর্তনের ইতিবাচক ধারা এ অর্থবছরেও অব্যাহত আছে। ২০০৪-০৫ অর্থবছরে মৎস্যসহ কৃষি খাতের অবদান দাঁড়িয়েছে ২১.৯১ শতাংশ যা পূর্ববর্তী ২০০২-০৩ ও ২০০৩-০৪ অর্থবছরে ছিল যথাক্রমে ২৩.৪৭ শতাংশ ও ২৩.০৮ শতাংশ।

সারণি ২.৪ঃ ১৯৯৫-৯৬ সালের ভিত্তি মূল্যে জিডিপিতে খাতওয়ারি অবদানের হার (%)

খাত/উপখাত	১৯৯৯-০০	২০০০-০১	২০০১-০২	২০০২-০৩	২০০৩-০৪	২০০৪-০৫ (সাময়িক)
১। কৃষি ও বনজ	১৯.৪৯	১৯.৫১	১৮.৫৮	১৮.২২	১৭.৯৭	১৬.৮৮
ক) শস্য ও শাকসব্জি	১৪.৫৯	১৪.৭২	১৩.৭৫	১৩.৪৩	১৩.২	১২.১০
খ) পশু সম্পদ	৩.০২	২.৯৫	২.৯৬	২.৯৩	২.৯১	২.৯৭
গ) বনজ সম্পদ	১.৮৮	১.৮৭	১.৮৮	১.৮৬	১.৮৩	১.৮১
২। মৎস্য সম্পদ	৬.০৯	৫.৫২	৫.৪০	৫.২৫	৫.১১	৫.০৩
৩। খনিজ ও খনন	১.০৩	১.০৭	১.০৭	১.০৯	১.১১	১.১৪
ক) প্রাকৃতিক গ্যাস ও অপরিশোধিত তৈল	০.৫৮	০.৬৩	০.৬৩	০.৬৬	০.৬৮	০.৭০
খ) অন্যান্য খনিজ সম্পদ ও খনন	০.৪৫	০.৪৪	০.৪৪	০.৪৪	০.৪৩	০.৪৪
৪। শিল্প (ম্যানুঃ)	১৫.৪০	১৫.৫৯	১৫.৭৬	১৫.৯৭	১৬.১৬	১৬.৫৮
ক) বৃহৎ ও মাঝারী শিল্প	১১.০১	১১.১৩	১১.১৬	১১.২৯	১১.৪১	১১.৭২
খ) ক্ষুদ্রায়তন শিল্প	৪.৩৯	৪.৪৬	৪.৬০	৪.৬৮	৪.৭৬	৪.৮৫
৫। বিদ্যুৎ, গ্যাস, ও পানি সম্পদ	১.৪৩	১.৪৬	১.৫১	১.৫৪	১.৫৯	১.৬৪
ক) বিদ্যুৎ	১.২১	১.২৩	১.২৭	১.৩০	১.৩৪	১.৩৮
খ) গ্যাস	০.১৬	০.১৬	০.১৭	০.১৭	০.১৮	০.১৮
গ) পানি	০.০৬	০.০৭	০.০৭	০.০৮	০.০৮	০.০৮
৬। নির্মাণ	৭.৮৪	৮.০৮	৮.৪১	৮.৬৩	৮.৮৩	৯.০৮
৭। পাইকারী ও খুচরা বিপণন	১৩.৩৫	১৩.৪৮	১৩.৭৭	১৩.৮৭	১৩.৯৭	১৪.১২
৮। হোটেল ও রেঁস্তোরা	০.৬৩	০.৬৪	০.৬৬	০.৬৭	০.৬৮	০.৬৯
৯। পরিবহণ, সংরক্ষণ ও যোগাযোগ	৯.২০	৯.৪২	৯.৬২	৯.৭৬	৯.৭৯	১০.০১
স্থল পথ পরিবহন	৬.৬৫	৬.৭১	৬.৮৬	৬.৯৫	৬.৯৬	৬.৯২
ক) পানি পথ পরিবহন	১.১৮	১.১২	১.০৮	১.০৩	০.৯৭	০.৯৩
খ) আকাশ পথ পরিবহন	০.১৮	০.১৮	০.১৪	০.১৩	০.১২	০.১২
গ) সহযোগী পরিবহন সেবা ও সংরক্ষণ	০.৩৬	০.৪১	০.৩৭	০.৩৫	০.৩৩	০.৩১
ঘ) ডাক ও তার যোগাযোগ	০.৮৩	১.০১	১.১৬	১.৩০	১.৪১	১.৭৩
১০। আর্থিক প্রতিষ্ঠানিক সেবা	১.৫৭	১.৫৭	১.৬১	১.৬৩	১.৬৫	১.৭০
ক) ব্যাংক	১.২২	১.২০	১.২২	১.২২	১.২৩	১.২৭
খ) বীমা	০.২৮	০.৩১	০.৩৩	০.৩৪	০.৩৫	০.৩৬
গ) অন্যান্য	০.০৭	০.০৭	০.০৬	০.০৬	০.০৬	০.০৭
১১। রিয়েল এস্টেট, ভাড়া ও অন্যান্য ব্যবসা	৮.৮৮	৮.৭২	৮.৬৩	৮.৪৮	৮.৩০	৮.১৪
১২। লোক প্রশাসন ও প্রতিরক্ষা	২.৫৫	২.৫৬	২.৬০	২.৬০	২.৬৩	২.৭৬
১৩। শিক্ষা	২.২০	২.২৪	২.৩১	২.৩৬	২.৪০	২.৪৬
১৪। স্বাস্থ্য ও সামাজিক সেবা	২.২০	২.১৯	২.২১	২.২১	২.২২	২.২৫
১৫। কমিউনিটি, সামাজিক ও ব্যক্তিগত সেবা	৮.১৩	৭.৯৭	৭.৮৭	৭.৭২	৭.৫৯	৭.৫২
জিডিপি	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

১৯৯৯-০০ অর্থবছরের পর হতে শিল্প খাতের অবদান ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। ম্যানুফ্যাকচারিং শিল্প খাতের অবদান ২০০৩-০৪ অর্থবছরের ১৬.১৬ শতাংশ হতে বৃদ্ধি পেয়ে ২০০৪-০৫ অর্থবছরে ১৬.৫৮ শতাংশে দাঁড়িয়েছে। চলতি অর্থবছরে পাইকারি ও খুচরা বাণিজ্য খাতের অবদান ১৪.১২ শতাংশ হবে বলে প্রাক্কলন করা হয়েছে যা ২০০২-০৩ ও ২০০৩-০৪ অর্থবছরে ছিল যথাক্রমে ১৩.৮৭ শতাংশ ও ১৩.৯৭ শতাংশ। পরিবহন ও যোগাযোগ খাতের অবদানও ক্রমশঃ বৃদ্ধি পাচ্ছে এবং চলতি অর্থবছরে এই হার ১০.০১ শতাংশ। ১৯৯৩-৯৪ থেকে ২০০৪-০৫ অর্থবছর পর্যন্ত স্থিরমূল্যে জিডিপি'তে খাতওয়ারি অবদানের শতকরা হার পরিশিষ্ট-৫-এ এবং জিডিপিতে বৃহৎ খাতসমূহের অবদানের কাঠামোগত পরিবর্তন নিম্নের সারণি ও লেখচিত্রে দেখানো হয়েছে।

সারণি ২.৫ : স্থির মূল্যে (ভিত্তি বছর: ১৯৯৫-৯৬) দেশজ উৎপাদে বৃহৎ খাতসমূহের অবদানের কাঠামোগত পরিবর্তন ও প্রবৃদ্ধির ধারা

অবদান (শতকরা হার)						
খাত	১৯৭৯-৮০	১৯৮৪-৮৫	১৯৮৯-৯০	১৯৯৪-৯৫	১৯৯৯-০০	২০০৪-০৫
কৃষি	৩৩.২১	৩১.৪৬	২৯.৫২	২৬.০২	২৫.৫৮	২১.৯১
শিল্প	১৭.০৮	১৮.৭০	২০.৭৮	২৪.২৮	২৫.৭০	২৮.৪৪
সেবা	৪৯.৭২	৪৯.৮৪	৪৯.৭০	৪৮.৭০	৪৮.৭২	৪৯.৬৫
মোট	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০
গড় প্রবৃদ্ধি (শতকরা হার)						
	অর্থবছর ৮১-০৫	অর্থবছর ৮১-৮৫	অর্থবছর ৮৬-৯০	অর্থবছর ৯১-৯৫	অর্থবছর ৯৬-০০	অর্থবছর ০১-০৫
কৃষি	২.৭৩	২.৬৮	২.৪০	১.৫৫	৪.৮৮	২.১৩
শিল্প	৬.৫৯	৫.৭০	৫.৮৬	৭.৪৭	৬.৪৪	৭.৪৮
সেবা	৪.৪২	৩.৮৩	৩.৫৮	৪.১৫	৪.৮১	৫.৭৩
সার্বিক জিডিপি	৪.৪৮	৩.৭২	৩.৭৪	৪.৩৯	৫.২১	৫.৩২
মাথাপিছু জিডিপি	২.৬৩	১.৫৪	১.৫০	২.৩৬	৩.৮৩	৩.৯১

উৎস: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

লেখচিত্র ২.২.১
১৯৭৯-৮০ অর্থবছরের জিডিপিতে বৃহৎ খাত সমূহের অবদান



লেখচিত্র ২.২.২
২০০৪-০৫ অর্থবছরের জিডিপিতে বৃহৎ খাত সমূহের অবদান



গত দুই দশকে কৃষি ও শিল্প খাতের অবদানের ক্রমবিবর্তনের ধারা বিদ্যমান থাকলেও একই সময়ে সেবা খাতের অবদান কিঞ্চিৎ হ্রাস-বৃদ্ধি ছাড়া প্রায় একই পর্যায়ে রয়েছে। আশির দশকের শুরুতে জিডিপিতে কৃষি খাতের অবদান ছিল ৩৩.২১ শতাংশ যা ক্রমান্বয়ে হ্রাস পেয়ে চলতি অর্থবছরে তা ২১.৯১ শতাংশে এসে দাঁড়িয়েছে। পক্ষান্তরে আশির দশকের শুরুতে সমন্বিত শিল্প খাতের অবদান ছিল ১৭.০৮ শতাংশ যা উত্তরোত্তর বৃদ্ধি পেয়ে চলতি অর্থবছরে ২৮.৪৪ শতাংশে উন্নীত হয়েছে। বাংলাদেশের স্থুল দেশজ উৎপাদ কাঠামোতে এই বিবর্তন দেশের শিল্পায়নের ক্ষেত্রে ইতিবাচক ধারার প্রতিফলন।

একই সময়ে শিল্পখাতের অবদান বৃদ্ধির পাশাপাশি প্রবৃদ্ধি অর্জনেও লক্ষ্যণীয় অগ্রগতি পরিলক্ষিত হয়। এই সময়ে খাতভিত্তিক জিডিপি প্রবৃদ্ধির হার পর্যালোচনা করে দেখা যায় যে, শিল্পখাতের গড় প্রবৃদ্ধি ৬.৫৯ শতাংশ, যা অন্য দু'টি খাত কৃষি (২.৭৩ শতাংশ) ও সেবা (৪.৪২ শতাংশ) খাতের চেয়ে বেশি। গত দশ বছরে স্থিরমূল্যে মাথাপিছুর জিডিপি'র প্রবৃদ্ধি অর্জিত হয়েছে গড়ে প্রায় ৩.৮৭ শতাংশ ।

সঞ্চয়

১৯৯৫-৯৬ অর্থবছরে দেশজ সঞ্চয় ও জাতীয় সঞ্চয় ছিল যথাক্রমে ১৪.৯০ শতাংশ ও ২০.১৭ শতাংশ। ২০০৩-০৪ অর্থবছর পর্যন্ত দেশজ সঞ্চয় ও জাতীয় সঞ্চয় ক্রমশঃ বৃদ্ধি পেয়ে দাঁড়ায় যথাক্রমে জিডিপি'র ১৯.৫৩ শতাংশ ও ২৫.৪৪ শতাংশ। সাময়িক প্রাক্কলনের হিসাবে দেখা যায় যে ২০০৪-০৫ অর্থবছরে দেশজ সঞ্চয় ও জাতীয় সঞ্চয়ের হার যথাক্রমে জিডিপি'র ২০.১৬ শতাংশ ও ২৬.৪৯ শতাংশ-এ দাঁড়াবে। সারণি ২.৬ ও লেখচিত্র ২.৩-এ ১৯৯৫-৯৬ থেকে ২০০৪-০৫ অর্থবছর পর্যন্ত বছরওয়ারি দেশজ ও জাতীয় সঞ্চয়ের পরিস্থিতি তুলে ধরা হয়েছে।

সারণি ২.৬ ঃ স্থূল দেশজ উৎপাদে (জিডিপি) সঞ্চয়ের শতকরা হার।

	দেশজ সঞ্চয়	জাতীয় সঞ্চয়
১৯৯৫-৯৬	১৪.৯০	২০.১৭
১৯৯৬-৯৭	১৫.৯০	২১.৫৮
১৯৯৭-৯৮	১৭.৪১	২১.৭৭
১৯৯৮-৯৯	১৭.৭১	২২.৩১
১৯৯৯-০০	১৭.৮৮	২৩.১০
২০০০-০১	১৮.০০	২২.৪১
২০০১-০২	১৮.১৬	২৩.৪৪
২০০২-০৩	১৮.৬৩	২৪.৮৭
২০০৩-০৪	১৯.৫৩	২৫.৪৪
২০০৪-০৫ (সাময়িক)	২০.১৬	২৬.৪৯

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

লেখচিত্র ২.৩:জিডিপির শতকরা হারে দেশজ ও জাতীয় সঞ্চয়



বিনিয়োগ

বিনিয়োগ ব্যয় হ্রাসসহ যথাযথ পদক্ষেপ গ্রহণের মাধ্যমে বিনিয়োগ অনুকুল পরিবেশ সৃষ্টি হওয়ায় বৈদেশিক প্রত্যক্ষ বিনিয়োগসহ স্থানীয় অর্থায়ন বৃদ্ধি পেয়েছে এবং বেসরকারিখাতে বিনিয়োগ ক্রমশঃ বৃদ্ধি পাচ্ছে। ১৯৯৫-৯৬ অর্থবছরে মোট বিনিয়োগের হার ছিল জিডিপি'র ১৯.৯৯ শতাংশ। এর মধ্যে সরকারি ও বেসরকারিখাতের বিনিয়োগের হার ছিল যথাক্রমে ৬.৪২ শতাংশ ও ১৩.৫৮ শতাংশ। ১৯৯৫-৯৬ অর্থবছর হতে জাতীয় বিনিয়োগ হার ক্রমশঃ বৃদ্ধি পেয়ে ২০০৩-০৪ অর্থবছরে জিডিপি'র ২৪.০২ শতাংশে উন্নীত হয়। এর মধ্যে সরকারি ও বেসরকারিখাতের অবদান ছিল যথাক্রমে ৬.১৯ শতাংশ ও ১৭.৮৩ শতাংশ। সাময়িক প্রাক্কলন অনুযায়ী ২০০৪-০৫ অর্থবছরে জাতীয় বিনিয়োগ হার বৃদ্ধি পেয়ে এ যাবৎ কালের সর্বোচ্চ হারে (২৪.৪৩ শতাংশ) উন্নীত হয়েছে এবং এতে সরকারি ও বেসরকারিখাতের অবদান যথাক্রমে ৫.৯০ শতাংশ ও ১৮.৫৩ শতাংশ হবে বলে অনুমিত হচ্ছে। মোট বিনিয়োগে সরকারি খাতের অবদান ক্রমহ্রাসমান এবং বেসরকারি খাতের অবদান ক্রমবর্ধমান। নব্বইয়ের দশকের শুরুতে মোট বিনিয়োগে ব্যক্তিখাতের অবদান ছিল প্রায় ৬০ শতাংশ, যা

চলতি অর্থবছরে দাঁড়িয়েছে ৭৬ শতাংশে। বিনিয়োগের এ ইতিবাচক পরিবর্তন সরকারের অনুসৃত নীতিরই ফসল। ১৯৯৫-৯৬ থেকে ২০০৪-০৫ পর্যন্ত জিডিপিতে বিনিয়োগের শতকরা হার সারণি ২.৭-এ প্রদর্শিত হয়েছে।

সারণি ২.৭ঃ স্থূল দেশজ উৎপাদে (জিডিপি) বিনিয়োগের শতকরা হার।

অর্থবছর	মোট বিনিয়োগ	সরকারি বিনিয়োগ	বেসরকারি বিনিয়োগ
১৯৯৫-৯৬	১৯.৯৯	৬.৪২	১৩.৫৮
১৯৯৬-৯৭	২০.৭২	৭.০৩	১৩.৭০
১৯৯৭-৯৮	২১.৬৩	৬.৩৭	১৪.২৬
১৯৯৮-৯৯	২২.১৯	৬.৭২	১৫.৪৭
১৯৯৯-০০	২৩.০২	৭.৪১	১৫.৬১
২০০০-০১	২৩.০৯	৭.২৫	১৫.৮৪
২০০১-০২	২৩.১৫	৬.৩৭	১৬.৭৮
২০০২-০৩	২৩.৪১	৬.২০	১৭.২১
২০০৩-০৪	২৪.০২	৬.১৯	১৭.৮৩
২০০৪-০৫ (সাময়িক)	২৪.৪৩	৫.৯০	১৮.৫৩

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

লেখচিত্র ২.৪: স্থূল দেশজ উৎপাদে (জিডিপি) বিনিয়োগের শতকরা হার